রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**রবিবার, জুলাই ২৮, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়**

**পরিবেশ অধিশাখা-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ জুলাই ২০১৯

**নং ২২.০০.০০০০.০৭৩.০১১.০০৬.১৯/১৬৫**—বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭-এর উদ্দেশ্য পূরণকল্পে **"জীববৈচিত্র্য বিষয়ক জাতীয় কমিটি"** নিম্নরূপভাবে গঠন করা হল :

(ক) **কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | মন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সভাপতি |
| ২. | উপমন্ত্রী, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৩. | সচিব, পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় | সদস্য |
| ৪. | স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ৫. | দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ৬. | কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ৭. | মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ৮. | ভূমি মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |
| ৯. | বাণিজ্য মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য |



মূল্য : টাকা ১৬.০০

১০. সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) সদস্য

১১. পার্বত্য চট্টগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) সদস্য

১২. বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) সদস্য

১৩. শিল্প মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) সদস্য

১৪. প্রধান বন সংরক্ষক, বন অধিদপ্তর সদস্য

১৫. মহাপরিচালক, জাতীয় জীবপ্রযুক্তি প্রতিষ্ঠান সদস্য

১৬. পরিচালক, বাংলাদেশ ন্যাশনাল হারবেরিয়াম সদস্য

১৭. নির্বাহী চেয়ারম্যান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল সদস্য

১৮. চেয়ারম্যান, বিজ্ঞান এবং শিল্প গবেষণা পরিষদ সদস্য

১৯. মহাপরিচালক, বাংলাদেশ মৎস্য গবেষণা প্রতিষ্ঠান সদস্য

২০. মহাপরিচালক, প্রাণিসম্পদ গবেষণা প্রতিষ্ঠান সদস্য

২১. পরিচালক, বন গবেষণা ইনস্টিটিউট সদস্য

২২. মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর সদস্য-সচিব

(খ) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয় কমিটির সাচিবিক দায়িত্ব পালন করবে।

(গ) জাতীয় কমিটি প্রয়োজনে জীববৈচিত্র্য বিষয়ে অভিজ্ঞ যে কোন ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

২। **জীববৈচিত্র্য বিষয়ক জাতীয় কমিটির সভা পরিচালনার নিয়মাবলী** :

(ক) বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭-এর ৮ ধারার বিধানাবলী সাপেক্ষে, জাতীয় কমিটি সভার কার্যপদ্ধতি নির্ধারণ করবে।

(খ) প্রতি বছর জাতীয় কমিটির কমপক্ষে দুটি সভা অনুষ্ঠিত হবে, যা উক্ত কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হবে।

(গ) জাতীয় কমিটির সভাপতি উক্ত সকল সভায় সভাপতিত্ব করবেন, তবে তার অনুপস্থিতিতে সভায় উপস্থিত সহ-সভাপতি ও সদস্যগণের মধ্যে যিনি শীর্ষে অবস্থান করবেন তিনি উক্ত সভায় সভাপতিত্ব করতে পারবেন।

(ঘ) সাধারণ সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে।

(ঙ) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকবে।

(চ) শুধু কোনো সদস্যপদে শূন্যতা বা কমিটি গঠনে ত্রুটি থাকার কারণে জাতীয় কমিটির কোনো কার্য বা কার্যধারা অবৈধ হবে না বা তদসম্পর্কে আদালত বা অন্য কোথাও কোনো প্রশ্নও উত্থাপন করা যাবে না।

(ছ) জাতীয় কমিটির সদস্য-সচিব উক্ত কমিটির সভাপতির পূর্বানুমতিক্রমে সভা আহ্বান করবেন এবং সভার কার্যবিবরণী প্রস্তুত ও সংরক্ষণ করবেন।

(জ) জাতীয় কমিটি, প্রয়োজনে, কোনো বিশেষ বিষয়ে তাকে সহায়তার জন্য, জীববৈচিত্র্য সম্পর্কিত বিষয়ের এক বা একাধিক বিশেষজ্ঞ সমন্বয়ে বিশেষজ্ঞ কমিটি গঠন করতে পারবে অথবা তাদেরকে উক্ত সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে অথবা তাদের মতামত গ্রহণ করতে পারবে।

৩। **জীববৈচিত্র্য বিষয়ক জাতীয় কমিটির কার্যাবলী :**

(ক) বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭-এর অধীন প্রাপ্ত কোনো আবেদনের বিষয়ে সিদ্ধান্ত প্রদান;

(খ) জেলা কমিটি কর্তৃক প্রস্তুতকৃত ও সংরক্ষিত রেজিস্টারের সমন্বয়ে, পরিবেশ অধিদপ্তরের মাধ্যমে, জাতীয় জীববৈচিত্র্য বিষয়ক রেজিস্টার প্রস্তুত ও সংরক্ষণ;

(গ) কৌলিসম্পদ বা জীবসম্পদ হতে প্রাপ্ত সুফলের ন্যায্য হিস্যা বণ্টন।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ জুলাই ২০১৯

**নং ২২.০০.০০০০.০৭৩.০১১.০০৬.১৯/১৬৬**—বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭-এর উদ্দেশ্যে পূরণকল্পে প্রত্যেক সিটি কর্পোরেশনে নিম্নোক্তভাবে **"সিটি কর্পোরেশন জীববৈচিত্র্য ব্যবস্থাপনা ও তদারক কমিটি"** গঠন করা হলো :—

(ক) **কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | মেয়র, সিটি কর্পোরেশন | সভাপতি |
| ২. | প্রধান নির্বাহী কর্মকর্তা, সিটি কর্পোরেশন | সদস্য |
| ৩. | বিভাগীয় কমিশনারের প্রতিনিধি | সদস্য |
| ৪. | মেট্রোপলিটন পুলিশ কমিশনারের প্রতিনিধি | সদস্য |
| ৫. | প্রধান বর্জ্য ব্যবস্থাপনা কর্মকর্তা, সিটি কর্পোরেশন | সদস্য |
| ৬. | প্রধান নগর উন্নয়ন কর্মকর্তা, সিটি কর্পোরেশন | সদস্য |
| ৭. | প্রধান স্বাস্থ্য কর্মকর্তা, সিটি কর্পোরেশন | সদস্য |
| ৮. | বিভাগীয় বন কর্মকর্তা | সদস্য |
| ৯. | জেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ১০. | উপ-পরিচালক, কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ১১. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ১২. | উপ-পরিচালক, সমাজসেবা কার্যালয় | সদস্য |
| ১৩. | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১৪. | মেয়র কর্তৃক মনোনীত পরিবেশ উন্নয়নে কার্যক্রম রয়েছে এরূপ বেসরকারি সংস্থার (এনজিও) একজন প্রতিনিধি | সদস্য |
| ১৫. | পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট পরিচালক বা জ্যেষ্ঠ কর্মকর্তা | সদস্য-সচিব |

(খ) সিটি কর্পোরেশন কমিটি, প্রয়োজনে জীববৈচিত্র্য সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমে আগ্রহী যে কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

২। **সিটি কর্পোরেশন জীববৈচিত্র্য ব্যবস্থাপনা ও তদারক কমিটির সভা পরিচালনার নিয়মাবলী :**

ক) বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭-এর ১৪ ধারার বিধানাবলী সাপেক্ষে, সিটি কর্পোরেশন কমিটি সভার কার্যপদ্ধতি নির্ধারণ করবে।

খ) প্রতি বছর সিটি কর্পোরেশন কমিটির কমপক্ষে দুটি সভা অনুষ্ঠিত হবে, যা উক্ত কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হবে।

গ) সিটি কর্পোরেশন কমিটির সভাপতি সকল সভায় সভাপতিত্ব করবেন, তবে তার অনুপস্থিতিতে তদকর্তৃক মনোনীত উক্ত কমিটির অন্য কোনো সদস্য সভাপতিত্ব করতে পারবেন।

ঘ) সিটি কর্পোরেশন কমিটির সদস্য-সচিব উক্ত কমিটির সভাপতির পূর্বানুমতিক্রমে সভা আহ্বান করবেন এবং সভার কার্যবিবরণী প্রস্তুত ও সংরক্ষণ করবেন।

ঙ) সিটি কর্পোরেশন কমিটি, প্রয়োজনে, কোনো বিশেষ বিষয়ে তাকে সহায়তার জন্য, কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে তার সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে অথবা কোনো ব্যক্তি বা সংস্থার মতামত গ্রহণ করতে পারবে।

চ) সাধারণ সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে।

ছ) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হইবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকবে।

৩। **সিটি কর্পোরেশন জীববৈচিত্র্য ব্যবস্থাপনা ও তদরক কমিটির দায়িত্ব ও কার্যাবলী :**

ক) সিটি কর্পোরেশন এলাকার জীববৈচিত্র বিষয়ক রেজিস্টার প্রস্তুত ও সংরক্ষণ;

খ) জাতীয় জীববৈচিত্র্য কর্মকৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে সরকারকে সহায়তাকরণ;

গ) সিটি কর্পোরেশন জীববৈচিত্র্য সংরক্ষণের প্রয়োজনীয়তা সম্পর্কে স্থানীয় জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ জুলাই ২০১৯

নং **২২.০০.০০০০.০৭৩.০১১.০০৬.১৯/১৬৭**—বাংলাদেশ জীববৈচিত্র আইন, ২০১৭-এর উদ্দেশ্য পূরণকল্পে প্রত্যেক জেলায় নিম্নোক্তভাবে **"জেলা জীববৈচিত্র ব্যবস্থাপনা ও তদারক কমিটি"** গঠন করা হল :—

**(ক) কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | জেলা প্রশাসক | সভাপতি |
| ২. | পুলিশ সুপার | সদস্য |
| ৩. | জেলার বন বিভাগের জ্যেষ্ঠ কর্মকর্তা | সদস্য |
| ৪. | জেলা মৎস্য কর্মকতা | সদস্য |
| ৫. | জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৬. | জেলা ত্রান ও পুনর্বাসন কর্মকর্তা | সদস্য |
| ৭. | উপপরিচালক, সমাজসেবা কার্যালয় | সদস্য |
| ৮. | জেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ৯. | উপপরিচালক, জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তর | সদস্য |
| ১০. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত একজন শিক্ষাবিদ বা সমাজসেবক | সদস্য |
| ১১. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত কৃষিজীবি ও মৎস্যজীবী সম্প্রদায়ের একজন করে প্রতিনিধি | সদস্য |
| ১২. | জেলা প্রশাসক কর্তৃক মনোনীত পরিবেশ উন্নয়নে কার্যক্রম রয়েছে এরূপ বেসরকারি সংস্থার (এনজিও) একজন প্রতিনিধি; এবং | সদস্য |
| ১৩. | জেলায় কর্মরত পরিবেশ অধিদপ্তরের সংশ্লিষ্ট পরিচালক বা জ্যেষ্ঠ কর্মকর্তা | সদস্য-সচিব |

(খ) জেলা কমিটি প্রয়োজনে জীববৈচিত্র সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমে আগ্রহী যে কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

(গ) জেলার সংসদ-সদস্যগণ জেলা কমিটির উপদেষ্টা হবেন।

**২। জেলা জীববৈচিত্র ব্যবস্থাপনা ও তদারক কমিটির সভা পরিচালনার নিয়মাবলী :**

(ক) বাংলাদেশ জীববৈচিত্র আইন, ২০১৭-এর ১৭ ধারার বিধানাবলী সাপেক্ষে, জেলা কমিটি সভার কার্যপদ্ধতি নির্ধারণ করবে।

(খ) প্রতি বছর জেলা কমিটির কমপক্ষে তিনটি সভা অনুষ্ঠিত হবে, যা উক্ত কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হবে।

(গ) জেলা কমিটির সভাপতি উক্ত সকল সভায় সভাপতিত্ব করবেন, তবে তার অনুপস্থিতিতে তদকর্তৃক মনোনীত উক্ত কমিটির অন্য কোনো সদস্য সভাপতিত্ব করতে পারবেন।

(ঘ) জেলা কমিটির সদস্য-সচিব উক্ত কমিটির সভাপতির পূর্বানুমতিক্রমে সভা আহ্বান করবেন এবং সভার কার্যবিবরণী প্রস্তুত ও সংরক্ষণ করবেন।

(ঙ) জেলা কমিটি, প্রয়োজনে, কোনো বিশেষ বিষয়ে তাকে সহায়তার জন্য, কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে উক্ত সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে অথবা কোনো ব্যক্তি বা সংস্থার মতামত গ্রহণ করতে পারবে।

(চ) সাধারণ সংখ্যাগরিষ্ঠ সদস্যদের উপস্থিতিতে সভার কোরাম হবে।

(ছ) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকবে।

**৩। জেলা জীববৈচিত্র ব্যবস্থাপনা ও তদারক কমিটির দায়িত্ব ও কার্যাবলী :**

(ক) **উপজেলা কমিটি কর্তৃক** প্রস্তুতকৃত ও সংরক্ষিত উপজেলা জীববৈচিত্র বিষয়ক রেজিস্টারের সমন্বয়ে, জেলার জীববৈচিত্র বিষয়ক রেজিস্টার প্রস্তুত ও সংরক্ষণ;

(খ) **জাতীয়** জীববৈচিত্র কর্মকৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়নে সরকারকে সহায়তাকরণ;

(গ) জেলার জীববৈচিত্র সংরক্ষণের প্রয়োজনীয়তা সম্পর্কে স্থানীয় জনগণের মধ্যে সচেতনতা সৃষ্টি।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ জুলাই ২০১৯

**নং ২২.০০.০০০০.০৭৩.০১১.০০৬.১৯/১৬৮**—বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭ উদ্দেশ্য পূরণকল্পে প্রত্যেক উপজেলায় নিম্নোক্তভাবে **"উপজেলা জীববৈচিত্র্য ব্যবস্থাপনা ও তদারক কমিটি"** গঠন করা হল :—

(ক) **কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | উপজেলা নির্বাহী কর্মকর্তা | সভাপতি |
| ২. | সহকারী কমিশনার (ভূমি) | সদস্য |
| ৩. | উপজেলা কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা মৎস্য কর্মকর্তা | সদস্য |
| ৫. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা | সদস্য |
| ৬. | উপজেলা সমাজসেবা কর্মকর্তা | সদস্য |
| ৭. | রেঞ্জ কর্মকর্তা (বন), যদি থাকে | সদস্য |
| ৮. | উপজেলার আওতাধীন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাগণ | সদস্য |
| ৯. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা | সদস্য |
| ১০. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১১. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা | সদস্য |
| ১২. | উপজেলা সমবায় কর্মকর্তা | সদস্য |
| ১৩. | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | সদস্য |
| ১৪. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা | সদস্য |
| ১৫. | উপজেলাধীন পৌরসভার মেয়র কর্তৃক মনোনীত একজন কাউন্সিলর | সদস্য |
| ১৬. | উপজেলাধীন ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান | সদস্য |
| ১৭. | উপজেলার ইউনিয়ন কর্তৃক মনোনীত একজন প্রতিনিধি | সদস্য |

১৮. উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত স্থানীয় কৃষিজীবী ও মৎস্যজীবী সম্প্রদায়ের একজন করে প্রতিনিধি; সদস্য

১৯. জেলা প্রশাসক কর্তৃক মনোনীত, পরিবেশ উন্নয়নে কার্যক্রম রয়েছে এরূপ, বেসরকারি সংস্থার (এনজিও) একজন প্রতিনিধি; এবং সদস্য

২০. উপজেলায় কর্মরত পরিবেশ অধিদপ্তরের কর্মকর্তা অথবা, তার অবর্তমানে, উপজেলা নির্বাহী কর্মকর্তা কর্তৃক মনোনীত কোনো কর্মকর্তা সদস্য-সচিব

(খ) উপজেলা কমিটি, প্রয়োজনে জীববৈচিত্র্য সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমে আগ্রহী যে কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে উহার হিসেবে কো-অপ্ট করতে পারবে।

(গ) স্থানীয় সংসদ সদস্য উপজেলা কমিটির উপদেষ্টা হবেন।

২। **উপজেলা জীববৈচিত্র্য ব্যবস্থাপনা ও তদারক কমিটি সভা পরিচালনার নিয়মাবলী :**

ক) বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭-এর ২০ ধারার বিধানাবলী সাপেক্ষে, উপজেলা কমিটি সভার কার্যপদ্ধতি নির্ধারণ করবে।

খ) প্রতি বছর উপজেলা কমিটির কমপক্ষে তিনটি সভা অনুষ্ঠিত হবে, যা উক্ত কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হবে।

গ) উপজেলা কমিটির সভাপতি উক্ত সকল সভায় সভাপতিত্ব করবেন, তবে তার অনুপস্থিতিতে তদকর্তৃক মনোনীত উক্ত কমিটির অন্য কোনো সদস্য সভাপতিত্ব করতে পারবেন।

ঘ) উপজেলা কমিটির সদস্য-সচিব উক্ত কমিটির সভাপতির পূর্বানুমতিক্রমে সভা আহ্বান করবেন এবং সভার কার্যবিবরণী প্রস্তুত ও সংরক্ষণ করবেন।

ঙ) উপজেলা কমিটি, প্রয়োজনে, কোনো বিশেষ বিষয়ে তাকে সহায়তার জন্য, কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে উক্ত সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে অথবা কোনো ব্যক্তি বা সংস্থার মতামত গ্রহণ করতে পারবে।

চ) সাধারণ সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে।

ছ) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তি দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকবে।

**প্রজ্ঞাপন**

তারিখ : **১৬ জুলাই ২০১৯**

**নং ২২.০০.০০০০.০৭৩.০১১.০০৬.১৯/১৭১**—বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭-এর উদ্দেশ্য পূরণকল্পে জীববৈচিত্র্য সম্পর্কিত কোনো বিষয় মন্ত্রণালয় বা বিভাগের কার্যতালিকাভুক্ত থাকলে, উক্ত মন্ত্রণালয় বা বিভাগ নিম্নোক্ত ভাবে **"জীববৈচিত্র্য বিষয়ক কারিগরি কমিটি"** গঠন করবে :

**(ক) কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের একজন কর্মকর্তা (যুগ্মসচিব পদমর্যাদার নিচে নয়) | সভাপতি |
| ২. | সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের কার্যতালিকার সাথে সম্পর্কিত, জীববৈচিত্র্য সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ের, একজন করে বিশেষজ্ঞ প্রতিনিধি | সদস্য |
| ৩. | পরিবেশ অধিদপ্তর কর্তৃক মনোনীত একজন উপযুক্ত প্রতিনিধি | সদস্য |
| ৪. | সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের একজন কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব পদমর্যাদার নিচে নয়) | সদস্য-সচিব |

(খ) কারিগরি কমিটি সভার কার্যপদ্ধতিসহ অন্যান্য আনুষঙ্গিক বিষয়াদি নির্ধারণ করবে।

২। **জীববৈচিত্র্য বিষয়ক কারিগরি কমিটির কার্যাবলী :**

ক) সংশ্লিষ্ট মন্ত্রণালয় বা বিভাগের কার্যতালিকাভুক্ত জীববৈচিত্র্য সংরক্ষণ এবং তদসম্পর্কিত কর্মকৌশল ও কর্মপরিকল্পনা প্রণয়নে উক্ত মন্ত্রণালয় বা বিভাগকে পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদান;

খ) জাতীয় কমিটির কার্যাবলী বাস্তবায়নে উক্ত কমিটিকে প্রয়োজনীয় পরামর্শ ও কারিগরি সহায়তা প্রদান;

গ) জাতীয় কমিটি কর্তৃক কোনো আবেদনপত্র প্রেরিত হলে তা মূল্যায়নপূর্বক উক্ত কমিটি বরাবর সুপারিশ প্রেরণ; এবং

ঘ) সরকার বা জাতীয় কমিটির নির্দেশনা অনুযায়ী অন্যান্য দায়িত্ব পালন।

৩। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ জুলাই ২০১৯

নং **২২.০০.০০০০.০৭৩.০১১.০০৬.১৯/১৬৯**—বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭-এর উদ্দেশ্য পূরণকল্পে প্রত্যেক পৌরসভায় নিম্নোক্তভাবে **"পৌরসভা জীববৈচিত্র্য ব্যবস্থাপনা ও তদারক কমিটি"** গঠন করা হল :—

(ক) **কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | পৌরসভার মেয়র ; | সভাপতি |
| ২. | উপজেলা মৎস্য কর্মকর্তা ; | সদস্য |
| ৩. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ; | সদস্য |
| ৪. | রেঞ্জ কর্মকর্তা (বন) এর একজন প্রতিনিধি, যদি থাকে ; | সদস্য |
| ৫. | পৌরসভার আওতাধীন থানার ভারপ্রাপ্ত কর্মকর্তার একজন প্রতিনিধি ; | সদস্য |
| ৬. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা ; | সদস্য |
| ৭. | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা ; | সদস্য |
| ৮. | উপজেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা ; | সদস্য |
| ৯. | উপজেলা সমবায় কর্মকর্তা ; | সদস্য |
| ১০. | পৌরসভার কাউন্সিলরগণ ; | সদস্য |
| ১১. | পৌরসভার মেয়র কর্তৃক মনোনীত একজন ইমাম ও একজন পুরোহিত বা অন্য কোনো ধর্মীয় নেতা ; | সদস্য |
| ১২. | উপজেলা চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন স্থানীয় সমাজসেবক ; | সদস্য |
| ১৩. | পৌরসভার মেয়র কর্তৃক মনোনীত, পরিবেশ উন্নয়নে কার্যক্রম রহিয়াছে এইরূপ, বেসরকারি সংস্থায় (এনজিও) একজন প্রতিনিধি; এবং | সদস্য |
| ১৪. | পৌরসভার প্রধান নির্বাহী কর্মকর্তা বা সচিব, যিনি উহার সদস্য-সচিব ও হবেন ; | সদস্য |

(খ) পৌরসভা কমিটি, প্রয়োজনে জীববৈচিত্র্য সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমে আগ্রহী যে কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে উহার সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

(গ) স্থানীয় সংসদ সদস্য, পৌরসভা কমিটির উপদেষ্টা হবেন।

২। **পৌরসভা জীববৈচিত্র্য ব্যবস্থাপনা ও তদারক কমিটি সভা পরিচালনার নিয়মাবলী :**

(ক) বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭-এর ২০ ধারার বিধানাবলী সাপেক্ষে, পৌরসভা কমিটি সভার কার্যপদ্ধতি নির্ধারণ করবে।

(খ) প্রতি বছর পৌরসভা কমিটির কমপক্ষে তিনটি সভা অনুষ্ঠিত হবে, যা উক্ত কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হবে।

(গ) পৌরসভা কমিটির সভাপতি উক্ত সকল সভায় সভাপতিত্ব করবেন, তবে তার অনুপস্থিতিতে তদকর্তৃক মনোনীত উক্ত কমিটির অন্য কোনো সদস্য সভাপতিত্ব করতে পারবেন।

(ঘ) পৌরসভা কমিটির সদস্য-সচিব উক্ত কমিটির সভাপতির পূর্বানুমতিক্রমে সভা আহ্বান করবেন এবং সভার কার্যবিবরণী প্রস্তুত ও সংরক্ষণ করবেন।

(ঙ) পৌরসভা কমিটি, প্রয়োজনে, কোনো বিশেষ বিষয়ে তাকে সহায়তার জন্য, কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে অথবা কোনো ব্যক্তি বা সংস্থার মতামত গ্রহণ করতে পারবে।

(চ) সাধারণ সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে।

(ছ) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকবে।

৩। **পৌরসভা জীববৈচিত্র্য ব্যবস্থাপনা ও তদারক কমিটির দায়িত্ব ও কার্যাবলী :—**

(ক) পৌর এলাকার জীববৈচিত্র্য বিষয়ক রেজিস্টার প্রস্তুত ও সংরক্ষণ ;

(খ) নিম্নরূপ বিষয়ে স্থানীয় জনসাধারণকে উৎসাহ প্রদান, যথা :—

(গ) জীববৈচিত্র্য সংরক্ষণ ও এর টেকসই ব্যবহার ;

(ঘ) প্রতিবেশ ব্যবস্থা, কালটিভার ও ল্যান্ড রেইস সংরক্ষণ;

(ঙ) প্রাণী, দেশিয় মৎস্য প্রজাতি এবং অণুজীবের ডমিস্টিকেটেড স্টক ও ব্রীড সংরক্ষণ ; এবং

(চ) জীববৈচিত্র্য সংক্রান্ত জ্ঞান ডকুমেন্টেশন ;

(ছ) পৌর এলাকার জীববৈচিত্র্য এবং পরিবেশের অবক্ষয়ের পরিণাম সম্পর্কে এলাকাবাসীদের মধ্যে সচেতনতা সৃষ্টি;

(জ) জাতীয় জীববৈচিত্র্য কর্মকৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন ;

(ঝ) জীববৈচিত্র্য সংশ্লিষ্ট সংকট উত্তরণে জাতীয় জীববৈচিত্র্য কর্মকৌশল ও কর্মপরিকল্পনার উপকারিতা সম্পর্কে এলাকারবাসীদের অবহিতকরণ এবং উক্ত পরিকল্পনা বাস্তবায়নে সহায়তাকরণে তাদেরকে উদ্বুদ্ধকরণ।

**প্রজ্ঞাপন**

তারিখ: ১৬ জুলাই ২০১৯

নং **২২.০০.০০০০.০৭৩.০১১.০০৬.১৯/১৭০**—বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭ এর উদ্দেশ্য পূরণকল্পে প্রত্যেক ইউনিয়নে নিম্নোক্তভাবে **"ইউনিয়ন জীববৈচিত্র্য ব্যবস্থাপনা ও তদারক কমিটি"** গঠন করা হইল :—

**(ক) কমিটি :**

| | | |
|---|---|---|
| ১. | চেয়ারম্যান, ইউনিয়ন পরষদ | সভাপতি |
| ২. | উপ-সহকারী কৃষি কর্মকর্তা | সদস্য |
| ৩. | ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা | সদস্য |
| ৪. | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন ইউনিয়ন আনসার ও ভিডিপি দলনেতা | সদস্য |
| ৫. | রেঞ্জ কর্মকর্তা (বন) এর একজন প্রতিনিধি, যদি থাকে | সদস্য |
| ৬. | ইউনিয়ন পরিষদের সদস্যগণ | সদস্য |
| ৭. | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা কর্তৃক মনোনীত একজন ভেটেরিনারী ফিল্ড এসিসটেন্ট, যদি থাকে | সদস্য |
| ৮. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনোনীত, পরিবেশ উন্নয়ন কার্যক্রমে আগ্রহী বিদ্যালয়, মাদ্রাসা বা মহাবিদ্যালয়ের একজন শিক্ষক | সদস্য |
| ৯. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনোনীত একজন ইমাম ও একজন পুরোহিত বা অন্য কোনো ধর্মীয় নেতা | সদস্য |
| ১০. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনোনীত স্থানীয় কৃষিজীবী ও মৎসজীবী সম্প্রদায়ের একজন করে প্রতিনিধি | সদস্য |
| ১১. | ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক মনোনীত, পরিবেশ উন্নয়নে কার্যক্রম রয়েছে এরূপ, বেসরকারি সংস্থার (এনজিও) একজন প্রতিনিধি; এবং | সদস্য |
| ১২. | সচিব, ইউনিয়ন পরিষদ | সদস্য-সচিব |

(খ) ইউনিয়ন কমিটি, প্রয়োজনে জীববৈচিত্র্য সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমে আগ্রহী যে কোনো ব্যক্তি বা সংস্থার প্রতিনিধিকে তার সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

**২। ইউনিয়ন জীববৈচিত্র্য ব্যবস্থাপনা ও তদারক কমিটি সভা পরিচালনার নিয়মাবলী :**

ক) বাংলাদেশ জীববৈচিত্র্য আইন, ২০১৭ এর ২৬ ধারার বিধানাবলী সাপেক্ষে, ইউনিয়ন কমিটি সভার কার্যপদ্ধতি নির্ধারণ করবে।

খ) প্রতি বছর ইউনিয়ন কমিটির কমপক্ষে তিনটি সভা অনুষ্ঠিত হবে, যা উক্ত কমিটির সভাপতি কর্তৃক নির্ধারিত স্থান ও সময়ে অনুষ্ঠিত হবে।

গ) ইউনিয়ন কমিটির সভাপতি উক্ত সকল সভায় সভাপতিত্ব করবেন, তবে তার অনুপস্থিতিতে তদকর্তৃক মনোনীত উক্ত কমিটির অন্য কোনো সদস্য সভাপতিত্ব করিতে পারবেন।

ঘ) ইউনিয়ন কমিটির সদস্য-সচিব উক্ত কমিটির সভাপতির পূর্বানুমতিক্রমে সভা আহ্বান করবেন এবং সভার কার্যবিবরণী প্রস্তুত ও সংরক্ষণ করবেন।

ঙ) ইউনিয়ন কমিটি, প্রয়োজনে, কোনো বিশেষ বিষয়ে তাকে সহায়তার জন্য, কোনো ব্যক্তিকে সভায় অংশগ্রহণের জন্য আমন্ত্রণ জানাতে পারবে অথবা কোনো ব্যক্তি বা সংস্থার মতামত গ্রহণ করতে পারবে।

চ) সাধারণ সংখ্যাগরিষ্ঠ সদস্যের উপস্থিতিতে সভার কোরাম হবে।

ছ) উপস্থিত সদস্যগণের সংখ্যাগরিষ্ঠ ভোটে সভার সিদ্ধান্ত গৃহীত হবে এবং ভোটের সমতার ক্ষেত্রে সভাপতিত্বকারী ব্যক্তির দ্বিতীয় বা নির্ণায়ক ভোট প্রদানের ক্ষমতা থাকবে।

**৩। ইউনিয়ন জীববৈচিত্র্য ব্যবস্থাপনা ও তদারক কমিটির দায়িত্ব ও কার্যাবলী :**

ক) ইউনিয়ন জীববৈচিত্র্য বিষয়ক রেজিস্টার প্রস্তুত ও সংরক্ষণ;

খ) নিম্নরূপ বিষয়ে স্থানীয় জনসাধারণকে উৎসাহ প্রদান, যথা :—

গ) জীববৈচিত্র্য সংরক্ষণ ও এর টেকসই ব্যবহার;

ঘ) প্রতিবেশ ব্যবস্থা, কালটিভার ও ল্যান্ড রেইস সংরক্ষণ;

ঙ) প্রাণী, দেশিয় মৎস্য প্রজাতি এবং অণুজীবের ডমিস্টিকেটেড স্টক ও ব্রীড সংরক্ষণ; এবং

চ) জীববৈচিত্র্য সংক্রান্ত জ্ঞান ডকুমেন্টেশন;

ছ) ইউনিয়নের জীববৈচিত্র্য এবং পরিবেশের অবক্ষয়ের পরিণাম সম্পর্কে এলাকাবাসীদের মধ্যে সচেতনতা সৃষ্টি;

জ) জাতীয় জীববৈচিত্র্য কর্মকৌশল ও কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও তার অগ্রগতি পর্যবেক্ষণ;

ঝ) জীববৈচিত্র্য সংশ্লিষ্ট সংকট উত্তরণে জাতীয় জীববৈচিত্র্য কর্মকৌশল ও কর্মপরিকল্পনার উপকারিতা সম্পর্কে সংশ্লিষ্ট এলাকাবাসীদের অবহিতকরণ এবং উক্ত পরিকল্পনা বাস্তবায়নে সহায়তাকরণে তাদেরকে উদ্বুদ্ধকরণ;

ঞ) জাতীয় জীববৈচিত্র্য কর্মকৌশল ও কর্মপরিকল্পনা ছাড়াও সংশ্লিষ্ট এলাকার জীববৈচিত্র্য সংরক্ষণের জন্য অন্য কোনো কার্যক্রম গ্রহণ করা সমীচীন মর্মে প্রতীয়মান হলে, সেই বিষয়ে উপজেলা কমিটি সমীপে সুপারিশ প্রেরণ।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মনীষ চাকমা**
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd